

০৭ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

প্রাপক : মেয়র
মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

বিষয় : ট্রেড লাইসেন্স গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ১। পৌর শাখা-১ঃ ৪৬.০৬৩.০৩১.০৮.০০.০১০.২০১১-৩৪৮

তারিখ : ০২/০৩/২০০৫ খ্রিস্টাব্দ।


২। পৌর শাখা-১ঃ ৪৬.০৬৩.০৩১.০৮.০০.০১০.২০১১-৩৪৯/১(৮)

তারিখ : ০৩/০৩/২০০৫ খ্রিস্টাব্দ।

জনাব,

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, পৌর শাখা-১ “পৌরসভা আদর্শ কর তফসিল ২০১৪-এর ৬নং ক্রমিকের উপক্রমিকে এনজিও প্রতিষ্ঠানসমূহের উপর কর ধারের বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে অলাভজনক/ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় ক্ষুদ্র ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট এনজিওদের নিকট হতে ট্রেড লাইসেন্স ফি আদায় থেকে বিরত থাকার সিদ্ধান্ত গৃহিত হয় এবং ক্ষুদ্র ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট এনজিওদের ট্রেড লাইসেন্স গ্রহণে অব্যাহতি প্রদান করে। তদুপরি আপনার ১৪/০৭/২০১৬ তারিখে মেপৌ/আশা/২০১৬/৪৭(৫০) নং স্মারকে ট্রেড লাইসেন্স এর টাকা জমা দেয়ার জন্য তাগিদপত্র দিয়েছেন। এমতাবস্থায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, পৌর শাখা-১-এর সংযুক্ত পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ পূর্বক বিষয়টি বিবেচনার জন্য মেহেরপুর জেলায় কর্মরত এনজিওদের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত,



মুহঃ মোশিররফ হোসেন

সভাপতি, এনজিও ফেডারেশন, মেহেরপুর শাখা

ও

সভাপতি, মেহেরপুর জেলা এনজিও সমিতি

০১৭১১-২১৮৮১৯

সংযুক্ত : ১। পৌর-১ শাখার ৩৪৮ নং স্মারক - ০১ কপি।

২। পৌর-১ শাখার ৩৪৯/১(৮) নং স্মারক - ০১ কপি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৩। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

৪। জেলা প্রশাসক, মেহেরপুর।

৫। উপ সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা, ঢাকা।

৬। পুলিশ সুপার, মেহেরপুর।

৭। উপ-পরিচালক, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ), ঢাকা।

৮। পরিচালক, ফেডারেশন অব এনজিওস ইন বাংলাদেশ (এফএনবি), ঢাকা।

৯। পরিচালক, ক্রেডিট এন্ড ডেভেলপমেন্ট ফোরাম (সিডিএফ), ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৬৩.০৩১.০৮.০০.০১০.২০১১-৩৪৮

তারিখঃ ১৮ ফায়ুন ১৪২১ বঙ্গাব্দ
০২ মার্চ ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পৌরসভা আদর্শ কর তফসিল-২০১৪ - এর আলোকে এনজিওদের নিকট থেকে ট্রেড লাইসেন্স ফি/পৌর কর আদায় বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্রঃ ১। এনজিও বিষয়ক ব্যুরোর স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৬৪.০২২.১২-৬৬৩, তারিখঃ ২৯.১২.২০১৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পৌরসভা আদর্শ কর তফসিল-২০১৪ এ এনজিওসমূহকে পৌরকরের আওতায় আনার প্রেক্ষিতে, উদ্ভূত সমস্যা নিরসনকরে এনজিও বিষয়ক ব্যুরো, অর্থবিভাগ, এডাব এবং ম্যাব-এর প্রতিনিধিদের সমন্বয়ে গত ১৬.০২.২০১৫ খ্রিঃ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়-

'পৌরসভা আদর্শ কর তফসিল ২০১৪'-এর ৬ নং ক্রমিকের উপক্রমিকে 'এনজিও প্রতিষ্ঠানসমূহের উপর কর ধার্যের' বিষয়ে স্পষ্টীকরণের লক্ষ্যে অলাভজনক/ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় ক্ষুদ্র ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট এনজিওদের নিকট হতে ট্রেড লাইসেন্স ফি আদায় থেকে বিরত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, গত ১৬.০২.২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনামতে।


(মোঃ খালিলুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক (সকল)

----- পৌরসভা
----- জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। মহা পরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, মৎস্য ভবন, ঢাকা (দৃঃ আঃ- জনাব মোঃ শেখাবুর রহমান, উপ-পরিচালক)।

২। জনাব একেএম জসীম উদ্দিন, পরিচালক, এডাব, বাড়ী নং-১৩ক(৩য় তলা), রোড নং-২, শ্যামলী, ঢাকা।